

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর  
বিদ্যুৎ বিভাগ  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
২৫, নিউইস্কাটন, ঢাকা-১০০০।  
[www.ocei.gov.bd](http://www.ocei.gov.bd)

নং ২৭.০১.০০০০.০১.০১৮.২০৮(অংশ-১).১৯- ১১৬৪

তারিখঃ ২৭-০২-২০২৪ খ্রিঃ

**বাড়ি ভাড়া আবশ্যিক**


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর বিদ্যুৎ বিভাগের অধীন প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তরের খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, ময়মনসিংহ এবং রংপুর বিভাগীয় অফিস এর জন্য আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত স্বতন্ত্র ভবন/ অফিস স্পেস কমপক্ষে ৩ (তিন) বছর মেয়াদের জন্য ভাড়া আবশ্যিক। স্বতন্ত্র ভবন/ অফিস স্পেস এর অবস্থান, আয়তন ও অন্যান্য শর্তাবলি নিম্নে দেয়া হলোঃ-

বিভাগসমূহ	অবস্থান	আয়তন (সর্বোচ্চ)
খুলনা	খুলনা মহানগরীর শিববাড়ী, সোনাডাঙ্গা, বয়রা, খালিশপুর, নিউমার্কেট এলাকায় প্রধান সড়কের উপর অথবা সন্নিহিত অবস্থিত;	২২৯৮ বর্গফুট আয়তনের স্বতন্ত্র ভবন/ অফিস স্পেস
রাজশাহী	রাজশাহী মহানগরীর সাহেব বাজার, লক্ষীপুর, নিউমার্কেট, ভদ্রা, শিরোইল, উপশহর, দরগাপাড়া, কাজী হাটা, হেতেম খাঁ এলাকায় প্রধান সড়কের উপর অথবা সন্নিহিত অবস্থিত;	২২৯৮ বর্গফুট আয়তনের স্বতন্ত্র ভবন/ অফিস স্পেস
সিলেট	সিলেট মহানগরীর জিন্দাবাজার, বন্দরবাজার, চৌহাটা, সুবিদ বাজার, মেডিকেল কলেজ, উপশহর, আশ্বরখানা, শাহী ঙ্গদগাহ এলাকায় প্রধান সড়কের উপর অথবা সন্নিহিত অবস্থিত;	২২০৮ বর্গফুট আয়তনের স্বতন্ত্র ভবন/ অফিস স্পেস
বরিশাল	বরিশাল মহানগরীর সদর রোড, বগুড়া রোড, হাসপাতাল রোড, রুপাতলী, চৌমাথা, হাতেম আলী কলেজ রোড, নখুল্লাবাদ, কালিবাড়ী রোড, ব্রাউন্ড কম্পাউন্ড, সি এন্ড বি রোড ও কাশিপুর এলাকায় প্রধান সড়কের উপর অথবা সন্নিহিত অবস্থিত;	২২০৮ বর্গফুট আয়তনের স্বতন্ত্র ভবন/ অফিস স্পেস
ময়মনসিংহ	ময়মনসিংহ মহানগরীর আমলাপাড়া, নতুন বাজার, মাসকান্দা, আকুয়া, নওমহল, সানকিপাড়া, কেওয়াটখালী, কাশর, বলাশপুর, চরপাড়া, আমিরাবাদ, কলেজ রোড, এলাকায় প্রধান সড়কের উপর অথবা সন্নিহিত অবস্থিত;	২২০৮ বর্গফুট আয়তনের স্বতন্ত্র ভবন/ অফিস স্পেস
রংপুর	রংপুর মহানগরীর আলম নগর, মুন্সিপাড়া, ধাপ, কেরানী পাড়া, কামাল কাসনা, রবটসন গঞ্জ এলাকায় প্রধান সড়কের উপর অথবা সন্নিহিত অবস্থিত;	২২০৮ বর্গফুট আয়তনের স্বতন্ত্র ভবন/ অফিস স্পেস

**শর্তাবলিঃ-**

- কমপক্ষে ৪-৬ টি রুম ও ৩-৪ টি টয়লেট এর ব্যবস্থা থাকতে হবে।
- স্বতন্ত্র ভবন/ অফিস স্পেস এর আঞ্জিনা/ বেইজমেন্টে ন্যূনতম ১(এক)টি গাড়ী রাখার ব্যবস্থা থাকতে হবে।
- স্বতন্ত্র ভবন/ অফিস স্পেস ক্ষেত্রে চতুর্দিকে নিরাপত্তা দেওয়াল বেষ্টিত থাকতে হবে।
- প্রধান ফটকে নিরাপত্তা প্রহরীর ব্যবস্থা থাকতে হবে।
- ভাড়া দিতে আগ্রহী মালিকগণকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বতন্ত্র ভবন/ অফিস স্পেস এর অনুমোদিত নকশা; এ দপ্তরের নির্ধারিত ছক অনুযায়ী স্বতন্ত্র ভবন/ অফিস স্পেস এর অবস্থান, ব্যবহারযোগ্য মেঝের আয়তন; কক্ষের সংখ্যা; কক্ষসমূহের পরিমাপ, টয়লেট সংখ্যা, পার্কিং, নিরাপত্তা বেট্টনী, প্রহরী, হস্তান্তরের আনুমানিক সময়, ভাড়া প্রদানের সময়কাল ও অন্যান্য শর্তাদি (যদি থাকে) স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। নির্ধারিত ছকটি [www.ocei.gov.bd](http://www.ocei.gov.bd) ওয়েবসাইটের ডাউনলোড মেনুতে পাওয়া যাবে।
- প্রতি বর্গফুটের জন্য প্রত্যাশিত মাসিক ভাড়ার পরিমাণ অংকে এবং কথায় উল্লেখ করতে হবে।
- দপ্তরের প্রয়োজনে কোনরূপ সংস্কার করার প্রয়োজন হলে আপত্তি করা যাবে না।
- স্বতন্ত্র ভবন/ অফিস স্পেস ভাড়া বাবদ কোনরূপ অগ্রিম প্রদান করা হবে না।
- বহুতল বিশিষ্ট ভবনের ক্ষেত্রে লিফট ও জেনারেটরের ব্যবস্থা থাকতে হবে।
- স্বতন্ত্র ভবন/ অফিস স্পেস ভাড়া নেয়ার ক্ষেত্রে এ দপ্তরের সিদ্ধান্তই চূড়ান্ত হলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

উল্লেখিত শর্তাবলিতে স্বতন্ত্র ভবন/ অফিস স্পেস এর মালিক কর্তৃক আবেদনপত্র ১৯-০৩-২০২৪ ইং তারিখ বিকাল ৪.০০ ঘটিকার মধ্যে সীলমোহরকৃত খামে নিম্নস্বাক্ষরকারী বরাবর সরাসরি / ডাকযোগে পাঠাতে হবে।

  
২৭. ২. ২৪  
(আবুল খায়ের মোঃ আক্বাস আলী)  
প্রধান বিদ্যুৎ পরিদর্শক (যুগ্মসচিব)  
ফোন: ৫৮৩১৫২১১  
Email: eadvisor@pd.gov.bd